গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭।
www.nilg.gov.bd

স্মারক নং-৪৬.১৮.০০০০.০০১.০৩.১০৩.২৫-৯৫৬

তারিখ: ০৫ মাঘ ১৪৩১ / ১৯ জানুয়ারি ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-এর রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://nilg.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সহকারী গবেষণা কর্মকর্তা<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০৬ (ছয়) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, লোকপ্রশাসন, বিজনেস এডমিনিস্ট্রেশন, একাউন্টিং, সমাজকল্যাণ, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, ফিজিক্যাল প্লানিং বা ভূগোল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২ | কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট<br>টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে 'ফাইন আর্টস'-এ স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>টাকা ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩২ বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন) টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ ; এবং<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। |
| ৪ | টেলিফোন অপারেটর<br>টাকা ৯৭০০-২৩৪৯০/-<br>(গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাকা ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩২ বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৪ (চার) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। |

চলমান পাতা ১/৪

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৬ | ডেসপাচ করণিক<br>টাকা ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | অফিস সহায়ক<br>টাকা ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮ | নিরাপত্তা প্রহরী<br>টাকা ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ (এক) টি | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| ৯ | মালি<br>টাকা ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ (এক) টি | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |

২। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :**

ক) ১ জানুয়ারি ২০২৫ তারিখে সকল পদে প্রার্থীর বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটাসহ বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঘ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ঙ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

চ) নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

ছ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১, ২, ৪, ৬, ৮ ও ৯ নং ক্রমিকের শূন্য পদ পূরণে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০ এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ৩, ৫ ও ৭ নং ক্রমিকের শূন্য পদ পূরণে মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর,পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে।

জ) সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে এবং শুধু ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে;

ঝ) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে;

ঞ) অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://nilg.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন।

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : **২২ জানুয়ারি, ২০২৫**, সকাল ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : **১৮ ফেব্রুয়ারি, ২০২৫**, বিকাল ৫.০০ টা।

**উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।**

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান** : Online-এ পূরণকৃত আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তা হলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত করা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে একটি রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১-২ ক্রমিকের পদগুলোর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৩-৬ ক্রমিকের পদগুলোর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা, ৭-৯ ক্রমিকের পদগুলোর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিকদের জন্য সকল গ্রেডের (ক্রমিক ১ - ৯ পর্যন্ত) পদে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনলাইনে আবেদন দাখিলের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

**বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

**SMS সংক্রান্ত নির্দেশনা :**

**প্রথম SMS : : NILG<Space> User ID** লিখে Send করতে হবে **16222** নম্বরে;
**Example : NILG ABCDEF**

**Reply** : Applicant's Name Tk. 223/112/56 will be charge as application fee. Your PIN is 12345678. To pay for Type NILG <Space>Yes <Space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS : NILG<Space> YES <Space> PIN** লিখে Send করতে হবে **16222** নম্বরে;
**Example : NILG YES 12345678**
**Reply** : Congratulation. Applicant's Name, payment completed successfully for NILG. Application for the post xxxxxxx, User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://nilg.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলে **SMS** এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে NILG <Space> Help <Space> User <Space> User ID & Send to 16222.
Example : **NILG Help USER ABCDEF.**

(ii) PIN Number জানা থাকলে NILG <Space> Help <Space> PIN <Space> PIN No. & Send to 16222.
Example : **NILG Help PIN 12345678**

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর ওয়েবসাইট (www.nilg.gov.bd) এবং **http://nilg.teletalk.com.bd** অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.nilg.gov.bd) ওয়েবসাইট প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ঞ) Online-এ আবেদন করতে সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক থেকে https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/ম্যাসেজ এর Subject-এ Organization Name: **NILG**, Post Name : ***, Applicant's User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট) **ডিক্লারেশন :** প্রার্থীকে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই :**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় **নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:**

ক) সদ্য তোলা রঙ্গিন ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

ঙ) ক্ষুদ্র নৃ- গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর ১(এক) সেট সত্যায়িত ফটোকপি;

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

জ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

ঝ) প্রবেশপত্রের কপি।

৫। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৯/০১/২০২৫

(মো: শফিকুল ইসলাম)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)
ও
সদস্য সচিব, বাছাই কমিটি-২
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
টেলিফোন নম্বর: ০২-৫৫০০৬৯৭৮